

সমকাল

সোমবার

২০ অক্টোবর ২০২৫ | ৪ কার্তিক ১৪৩২

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে ইএসএমও পরীক্ষা অনুষ্ঠিত



ইউরোপিয়ান সোসাইটি ফর মেডিকেল অনকোলজি (ইএসএমও) ঘোষণা অনুযায়ী প্রথমবারের মতো ঢাকার নর্থ সাউথ ইউনিভার্সিটিতে মর্যাদাপূর্ণ ইএসএমও পরীক্ষা-২০২৫ অনুষ্ঠিত হয়েছে। গত শনিবার বিশ্ববিদ্যালয়ের ফার্মাসিউটিক্যাল সায়েন্সেস বিভাগে এই পরীক্ষা হয়। এতে অংশ নেন দেশের অনকোলজি পেশাজীবীরা।

বিশ্বব্যাপী অনকোলজি দক্ষতার মানদণ্ড হিসেবে স্বীকৃত ইএসএমও পরীক্ষা প্রার্থীদের ক্লিনিক্যাল জ্ঞান ও সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা যাচাই করে। পরীক্ষায় উত্তীর্ণ চিকিৎসকরা একটি আন্তর্জাতিকভাবে স্বীকৃত সনদ পাবেন, যা তাদের জাতীয় ও বৈশ্বিক স্তরে অনকোলজি চর্চায় অবদান রাখার সক্ষমতা বাড়াবে। সংবাদ বিজ্ঞপ্তি